educate.against.~~hate~~

#Educate Against Hate এর লক্ষ্য হল যদি আপনি মনে করেন যে আপনার সন্তান ~~চরমপন্থি~~ মতাদর্শে ধাবিত হয়েছে বা হতে চলেছে তবে আপনাকে পরামর্শ এবং নির্দেশ দেওয়া।

educateagainsthate.com

মা-বাবাদের নবযুবকদের সঙ্গে ~~মৌলবাদী~~ এবং চরমপন্থার বিষয়ে আলোচনার সূত্র দেওয়া

অনলাইনে যে সব ঝুঁকি রয়েছে তা বোঝা

চরমপন্থি গোষ্ঠীগুলি তাদের মতাদর্শ ছড়িয়ে দিতে এবং দুর্বল নব যুবকদের নিযুক্ত করতে ইন্টারনেট এবং সোস্যাল মিডিয়া ব্যবহার করে।

নিয়োগের নীতি কৌশল হিসেবে, এই সব গোষ্ঠী মা-বাবার প্রতি ক্রোধ, অবিচার এবং লজ্জা প্রদর্শনের অত্যাধুনিক পদ্ধতি ব্যবহার করে মা-বাবার কর্তৃত্বকে ছোট করে দেখানোর কাজ করে।

মনে রাখবেন, খুব ছোট সন্তানরাও চরমপন্থা অনলাইনের শিকার হতে পারে।

সহায় সম্পদ

— educateagainsthate.com/parents/online-radicalisation

আপনার সন্তানকে অনলাইনেনিরাপদরাখুন

অনলাইনেভয়ানক কথোপকথনের বিষয়ে সম্ভাব্য ঝুঁকি

সম্পর্কে বলুন। চরমপন্থি গোষ্ঠীগুলি দুর্বল নব যুবকদের সঙ্গে যোগাযোগ করতে এবং তাদের মৌলবাদী বার্তা ছড়িয়ে দিতে ইন্টারনেট এবং সোস্যাল মিডিয়া ব্যবহারের জন্য পরিচিত,এদের লক্ষ্য হল আরো নিয়োগ করা।

অবশ্য যখন ইন্টারনেট নিরাপদভাবে এবং দায়িত্ব সহকারে ব্যবহার করা হয় সন্তানদের জন্য অনেক সুযোগ এনে দিতে পারে এবং নব যুবকরা অনেক কিছু শিখতে পারে। আপনি আপনার সন্তানের অনলাইনের প্রিয় জিনিস কি তা জিজ্ঞাসা করার মধ্য দিয়ে কথা শুরু করতে পারেন।

অনেক সন্তান সোস্যাল মিডিয়ার ব্যবহার এবং তাদের প্রিয় অনলাইন গেম সম্পর্কে কথা বলতে ভালোবাসে। এটি আপনার সন্তান সম্পর্কে জানার আরো বেশি সুযোগ করে দেয় এবং তাদের অনলাইন ঝুঁকির কথা এবং কিভাবে এ থেকে নিরাপদ থাকা যায় তা মনে করিয়ে দেয়।

যাদের সঙ্গে সোস্যাল মিডিয়া বা অনলাইন গেমসে তাদের সাক্ষাৎ হয়েছে সন্তানরা প্রায়ই তাদের অনলাইন বন্ধু বা আগন্তুক হিসেবে দেখে। আপনার সন্তানকে এটা মনে করিয়ে দেওয়া জরুরী যে অনলাইনে নিজেদের সম্পর্কে মিথ্যা বলা খুব সহজ।

আপনার সন্তানের ইন্টারনেট বা মোবাইল ব্যবহার বন্ধ করলে কাজ নাও হতে পারে। পরিবর্তে তাদের এটা বুঝতে শেখান যে যেহেতু কিছু ওয়েবসাইটে এসেছে তাই এটি সম্পূর্ণ সত্য হবে এমন কোনো কারণ নেই।

কিছু ভালো ওয়েবসাইট আছে যা আপনার সন্তানের অনলাইন নিরাপত্তা সম্পর্কে শেখায়, যেমন ইন্টারনেট ম্যাটার, সেফার ইন্টারনেট এবং চাইল্ডনেট। যদি কোনো বিষয়ে আপনার চিন্তা থাকে তবে আপনি এনএসপিসিসি-র অনলাইন সুরক্ষা হেল্পলাইন 0808 800 5002-এ কল করতে পারেন

সহায় সম্পদ

— educateagainsthate.com/parents/online-radicalisation
— childnet.com/resources/supporting-young-people-online

আচরণগত পরিবর্তনের বিষয়ে আপনার চিন্তা হলে নিজের বুদ্ধি বিবেককে বিশ্বাস করুন।

আপনি অন্য কারো চেয়ে আপনার সন্তানকে ভালো জানেন, তাই তাদের সঙ্গে কথা বলা ভালো যদি আপনার বিবেক যথার্থ হয়।

যদি মৌলবাদীতার লক্ষণবোঝার বিষয়ে মা-বাবার জন্য কোনো যথার্থ চেকলিস্ট থাকে-কিন্তু সত্যিটা হল, এই ধরণের চেকলিস্ট আসলেই নেই। নব যুবকরা নিজের অধিকার বলে ব্যক্তি বিশেষ এবং কিশোরাবস্থা পরিবর্তনের সময় বড় একটা জায়গা চায় এবং কর্তৃপক্ষের কাছে অবিশ্বস্ত এবং খামখেয়ালী হয়ে উঠতে পারে।

সরকারের **Educate Against Hate** ওয়েবসাইটে পরামর্শ উপলব্ধ, যা মৌলবাদের ইঙ্গিতবাহী কিছু পরিবর্তনে আপনাকে সহায়তা করতে পারে। উদাহরণস্বরূপ বন্ধু গোষ্ঠী এবং চেহারার পরিবর্তন, সন্তান বেশি তর্ক প্রবণ এবং অন্য লোকেদের মতামত শুনতে আগ্রহী নয় এবং ষড়যন্ত্রের নীতিতে বিশ্বাস করতে শুরু করে।

মা-বাবার সাধারণত উন্নত বিবেক বোধ থাকে তবে পেশাদারদের সঙ্গে আরো আলোচনা করতে ক্ষতি নেই যেমন প্রয়োজন হলে কোনো শিক্ষক বা জিপি ।

যদি আপনি সন্তানের বিষয়ে দুশ্চিন্তায় থাকেন তবে আরো লোক এবং সংগঠন আছে যাদের সঙ্গে কথা বলতে পারেন যেমনঃ

— আপনার সন্তানের শিক্ষক। তাদের বিশেষজ্ঞদের কাছে প্রবেশাধিকার আছে যারা সাহায্য করতে পারে।
— আপনার স্থানীয় কর্তৃপক্ষ সুরক্ষা আধিকারিক।
— এনএসপিসিসি তাদের ওয়েবসাইটে নিঃশুল্ক পরামর্শ দেয়, এবং হেল্পলাইন 0808 800 5000-এ
— **FAST** (চাপ এবং কষ্টের বিরুদ্ধে পরিবার) একটি সহায়ক সংস্থা যারা ব্রিটেনে অবস্থিত এরা দুর্বল পরিবার এবং ব্যক্তির জন্য কাজ করে।

সহায় সম্পদ

— **educateagainsthate.com/parents/what-should-i-do-if-i-think-my-child-has-beenexposed-to-extremism-or-radicalisation**

~~সন্ত্রাসবাদের~~ বিষয় এড়িয়ে চলার চেয়ে কথা বলা ভালো

সন্তানের সঙ্গে গুরুতর আলোচনা শুরু করা সহজ নয়। এমন একটা স্থান নির্বাচন করুন যেখানে আপনার সন্তান সহজ হয়ে বসতে পারে এবং এমন সময় বাছুন যখন কেউ বিরক্ত করবে না। যখন বিষয়টি প্রাসঙ্গিক সেই সময়েই এটি উত্থাপন করা ভালো। সম্ভবত আপনারা দুজনেই যখন টিভিতে চরমপন্থার বিষয়ে কিছু দেখেন।

— আলোচনা প্রাসঙ্গিক করে তুলুন
— তাদের মতামত জানতে চান
— তারা এই বিষয়ে কতটা জানে তার খোঁজ নিন
— মন দিয়ে শুনুন
— তাদের এমন প্রশ্ন করুন যা কেবল হ্যাঁ বা না এ জবাব দেওয়া যায় না।
— বিনা বাধায় তাদের বলতে দিন
— তাদের প্রশ্ন জিজ্ঞেস করতে উৎসাহিত করুন
— চরমপন্থার বিষয়ে আপনার নিজের মতামত সম্পর্ক বলুন

এনএসপিসিসি আপনার সন্তানের সঙ্গে কথা বলার জন্য সন্ত্রাসবাদের বিষয়ে কিছু সূত্র এবং একটি ভিডিও বানিয়েছে।

সহায় সম্পদ
— **nspcc.org.uk/what-you-can-do**
— **educateagainsthate.com/parents/how-to-talk-to-your-child-about-extremism**
— **bbc.co.uk/news/education-40011787**
— **parentinfo.org/article/preventing-far-right-extremism-a-guide-for-parents**

সমস্ত বিশ্বাস এবং প্রেক্ষাপটের লোকেদেরপ্রতি আপনার সন্তানকে শ্রদ্ধাশীল হতে শেখান

সন্তানদের মতামতের ওপর বা-বামার স্বাভাবিকভাবেই বড় প্রভাব থাকে তাই বিভিন্ন মতামত দেখা এবং শ্রদ্ধা প্রদর্শনের প্রতি সন্তানদের উৎসাহিতকরতে হবে।

চারপাশের লোকেদের আচরণের দ্বারা সন্তানরা প্রভাবিত হয় তাই বিভিন্ন প্রেক্ষাপটের অন্য নবযুবকদের সঙ্গে ইতিবাচক কথা বলার সুযোগ দিতে হবে। উদাহরণস্বরূপ, তাদের স্থানীয় ক্লাব এবং সমষ্টীতে যোগদানে উৎসাহ প্রদান।

সহায় সম্পদ
— **educateagainsthate.com/parents**
— **www.towerhamlets.gov.uk/keeping_children_safe**

সন্তান যাতে নিজেই ~~চরমপন্থি ভাবনার~~ প্রতি চ্যালেঞ্জ জানাতে পারে তার জন্য উপযুক্ত দক্ষতা এবং জ্ঞান তাকে দিতে হবে।

প্রতিদিন সন্তানের সঙ্গে সাম্প্রতিক বিষয় নিয়ে আলোচনা করলে তারা যদি চরমপন্থি ভাবাদর্শের সম্মুখীণ হয় তবে তাদের মধ্যে সেই বিষয়ে প্রশ্ন জিজ্ঞেস করার ক্ষমতা জন্মায়। উদাহরণস্বরূপ অনলাইনে আপনি যে মিথ্যা কাহিনী দেখেছেন সেই বিষয়ে আলোচনা শুরু করতে পারেন। আমরা কিভাবে বলতে পারি কোন উৎসটি বিশ্বাসযোগ্য, ঘটনা এবং মতামতের মধ্যে পার্থক্য এবং বোঝানোর জন্য অভিন্ন পদ্ধতির ব্যবহার।

চরমপন্থি গোষ্ঠীগুলির কাছে টানার এমন দৃষ্টিভঙ্গী থাকতে পারে যা নব নিযুক্তদের ওপর প্রভাব বিস্তারের চেষ্টা করতে পারে। তারা প্রায়শই ঘটনার সঙ্গে মতামত মিশিয়ে ফেলে এবং মানুষের আবেগের কাছে আবেদন করে। যখনই আপনি ঘটনার সম্মুখীণ হবেন যা সন্দেহজনক মনে হবে, বিজ্ঞাপণ,সংবাদ বা অনলাইন–আরো তথ্য সংগ্রহের জন্য আপনার সন্তানের সঙ্গে কাজ করুন। যদি দাবিগুলি বিভ্রান্তিকর বলে দেখা যায় তবে বিষয়টি এইভাবে উপস্থাপন করার পেছনের উদ্দেশ্য নিয়ে আলোচনা করুন।

সহায় সম্পদ

— educateagainsthate.com/parents/what-can-i-do-to-protect-my-child
— educateagainsthate.com/parents/why-is-extremism-relevant-to-me
— parentzone.org.uk/advice/parent-guides
— parentzone.org.uk/article/preventing-violent-extremism-what-parents-can-do